

“ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফ্যামিলি প্ল্যানিং-ফন্ড সার্ভিসেস ডেলিভারী
৬, কাওরান বাজার
www.dgfp.org.bd

স্মারক নং : পপঅ/এফএসডিপি/১৩(বিবিধ)-১১/২০১৯-২০/১৭৩৫

তারিখঃ ১৬/০১/২০২০ খ্রিঃ

পরিপত্র

পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন ফ্যামিলি প্ল্যানিং-ফন্ড সার্ভিসেস ডেলিভারী অপারেশনাল প্ল্যানের আওতায় স্বল্প পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পন্ন তৃতীয় প্রজন্মের খাবার বড়ি সরবরাহ করা হচ্ছে। এ নতুন খাবার বড়ির নামকরণ করা হয়েছে “সুখী তৃতীয় প্রজন্ম”। “সুখী তৃতীয় প্রজন্ম” মা ও শিশু কল্যাণ কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (এমসিএইচ-এফপি ইউনিট), ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ এবং মাঠ পর্যায়ে পরিবার কল্যাণ সহকারীদের মাধ্যমে বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গ্রহিতা বাছাইকরণে অগ্রাধিকার পাবেন : (১) যে সকল গ্রহিতা জীবনে প্রথমবার খাবার বড়ি খেতে ইচ্ছুক (২) যে সকল গ্রহিতা দীর্ঘদিন খাবার বড়ি খাওয়া বিরতি দিয়েছেন (৩) যে সকল দম্পতি খাবার বড়ি সুখী ২য় প্রজন্ম বর্তমানে খাচ্ছেন তারা কমপক্ষে ৩ মাসের বিরতি দেবার পর (৪) যে সকল দম্পতি খাবার বড়ি ব্যতিত অন্য কোন পদ্ধতি ছেড়ে খাবার বড়ি খেতে চান। গ্রহিতা বাছাইকরণ চেকলিষ্ট অনুসরণপূর্বক “সুখী তৃতীয় প্রজন্ম” খাবার বড়ি গ্রহিতাকে নির্বাচন-পূর্বক “সুখী তৃতীয় প্রজন্ম” খাবার বড়ি বিতরণ করতে হবে।

এমতাবস্থায় উপজেলা স্টোর হতে মা ও শিশু কল্যাণ কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (এমসিএইচ-এফপি ইউনিট), ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ এবং মাঠ পর্যায়ে পরিবার কল্যাণ সহকারীদের মাধ্যমে “সুখী তৃতীয় প্রজন্ম” বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা হলো। উল্লেখ্য বর্তমানে সরবরাহকৃত খাবার বড়ি সুখী (২য় প্রজন্ম) এর বিতরণ ও আনুসংগিক কার্যক্রম অব্যাহত থাকবে।



(ডাঃ মোঃ সারোয়ার বারী)

লাইন ডাইরেক্টর

ফ্যামিলি প্ল্যানিং-ফন্ড সার্ভিসেস ডেলিভারী

ফোনঃ ৫৮১৫১৮৬১ (অফিস)

স্মারক নং- পপঅ/এফএসডিপি/৫(ক্রয়)-৪/২০১৮/১৯/১৭৩৫/১ (২০১০)

তারিখঃ ১৬/০১/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত হলঃ

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২। পরিচালক, (পরিবার পরিকল্পনা)-সকল, বিভাগ।
- ৩। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
- ৪। উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল),
- ৫। রিজিওন্যাল কন্সালটেন্ট ও ডিসট্রিক্ট কন্সালটেন্ট (এফপিসিএস-কিউআইটি) (সকল),
- ৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা,,
জেলা
- ৭। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৮। অফিস কপি।



(মোঃ নিয়াজুর রহমান)

প্রোগ্রাম ম্যানেজার

ফ্যামিলি প্ল্যানিং-ফন্ড সার্ভিসেস ডেলিভারী